# MyCARE

আমার সঙ্গে, পথের প্রতিটি ধাপে



“আসুন সেইসব লোকেদের ইনসুলিন সম্বন্ধে জানা যাক যারা **টাইপ 1 ডায়াবেটিস**-এ আক্রান্ত হয়েছেন”


USV

আপনারা যখন খাবার খান,
তার মধ্যেকার কারবোহাইড্রেট গ্লুকোসে
রূপান্তরিত হয় আর তারপর তা
**রক্তস্রোতের মধ্যে পরিত্যক্ত হয়।**




যখন আপনার রক্তে শর্করার মাত্রা বাড়ে,


**অগ্ন্যাশয় (প্যানক্রিয়াস)**
**এক ধরনের হরমোন পরিত্যাগ করে**
**যাকে বলা হয় ইনস্যুলিন।**



ইনস্যুলিন শর্করা (গ্লুকোস)কে সরাতে সাহায্য করে **রক্তস্রোত থেকে শরীরের কোষগুলোতে** যেখানে গ্লুকোসকে এনার্জি হিসেবে ব্যবহার করা হয়।



**টাইপ 1 ডায়বেটিস**-এর ক্ষেত্রে, এক অটোইম্যুন প্রতিক্রিয়ার কারণে, **শরীরের ইম্যুন ব্যবস্থা নিজের সেইসব কোষগুলোকে আক্রমণ করে যা সৃষ্টি করে ইনস্যুলিন।** তখন শরীর খুবই সামান্য পরিমাণে বা একদমই ইনস্যুলিন সৃষ্টি করে না, ফলে রক্তস্রোতের মধ্যে প্রচণ্ড পরিমাণে শর্করা থেকে যায়।




**টাইপ 1 ডায়বেটিস** পূর্বে **ইনস্যুলিন-নির্ভর** বা **জুভেনাইল ডায়বেটিস** হিসেবে পরিচিত ছিল, কারণ ছেলেবেলায় বা বয়ঃসন্ধিতে বা সদ্য প্রাপ্তবয়স্কদের মধ্যেও ডায়াগনোসিসে এটি ধরা পড়ে। যা হোক, এটি যে-কোনও বয়েসে হতে পারে।

এই কারণেই টাইপ 1 ডায়বেটিস-এ আক্রান্ত ব্যক্তিদের রক্তশর্করার মাত্রা স্বাভাবিক রেঞ্জের মধ্যে রাখার জন্য **দৈনিক ভিত্তিতে বাইরে থেকে ইনস্যুলিন নেওয়ার প্রয়োজন হয়।**




স্বাভাবিক পরিস্থিতিতে শরীরের যে-পরিমাণ ইনস্যুলিন সৃষ্টির কথা, **এক্সটার্নাল (বহিস্থ) ইনস্যুলিন থেরাপি শুধুমাত্র সেটুকু ইনস্যুলিন জোগায়।**




## আজকাল অনেক ধরনের ইনস্যুলিন পাওয়া যায়।

আপনার কোন ধরনের ইনস্যুলিন দরকার আর কত ঘন-ঘন তা নেবেন, তা আপনার জীবনশৈলী তথা রক্তশর্করার মাত্রা এসব বিচার করে আপনার চিকিৎসক সিদ্ধান্ত নেবেন।




উপরোক্ত ছবিটি কেবল প্রতিনিধিত্বমূলক উদ্দেশ্যের নিমিত্ত।



"মনে রাখবেন, **ইনস্যুলিন এক নিরাপদ ও বিশ্বস্ত বন্ধু** যা আপনাকে এক সুখময়, দীর্ঘ ও সুস্থ জীবনযাপনে সহায়তা করবে।"



"টাইপ 1 ডায়বেটিস-এ আক্রান্ত ব্যক্তিদের কাছে **ইনস্যুলিন জীবনের রক্ষাকর্তা** এবং **কখনওই আপনার চিকিৎসাকারী ডাক্তারকে না জানিয়ে আপনি কোনওমতেই ইনস্যুলিন বন্ধ করবেন না।**"

# MyCARE

আমার সঙ্গে, পথের প্রতিটি ধাপে

## উৎস:


1. হোয়াট ইজ ডায়বেটিস. সিডিসি (2021).উদ্ধারকৃত 6 জুলাই 2022, এখান থেকে https://www.cdc.gov/diabetes/basics/diabetes.html#:~:text=Diabetes%20is%20a%20chronic%20(long,your%20pancreas%20to%20release%20Insulin.

2. অ্যাবাউট ডায়বেটিস. ইন্টারন্যাশনাল ডায়বেটিস ফেডারেশন (IDF). উদ্ধারকৃত 7 জুলাই 2022, এখান থেকে https://www.idf.org/aboutdiabetes/type-1-diabetes.html



**Disclaimer:**
"The guide/presentation/content/literature is for general information, guidance and educational purposes only and is not complete or exhaustive. The guide/ presentation/content/literature is not intended or implied to replace or substitute any current practice and or advice/guidance/diet provided by healthcare professionals. This guide/presentation/content/literature does not constitute any treatment/therapy/medication/diet/opinions for any patients who are on diabetes medication, the patients are required to prior consult their healthcare professional before acting on any change on treatment/therapy/ medication/diet and or opions. USV Private Limited makes no representations as to accuracy, completeness, correctness, suitability or validity of any information contained in this guide/presentation/content/literature and will not be liable for any losses, injuries or damages arising from its use."

জনস্বার্থে প্রকাশ করছে USV